



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Worksheet - 2
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 03.07.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

বাবা ও ছেলে কয়েক ক্রোশ পথ হেঁটে চলে আসছেন কলকাতায়। চলতে চলতে ছেলে দেখল, রাস্তার ধারে বাটনা-বাটা শিল। রাস্তায় শিল কেন? “বাবা রাস্তার ধারে শিল পোঁতা কেন?” “শিল নয়রে বোকা। ওগুলো মাইলস্টোন”। সে আবার কী জিনিস। বাবা বুঝিয়ে দিলেন মাইল মানে আধ ক্রোশ আর স্টোন হল পাথর। আধক্রোশ চিহ্ন। কলকাতার এক মাইল দূরে যে পাথর তাতে ‘এক’ লেখা আছে। এটাতে ‘উনিশ’। তার মানে আমরা কলকাতা থেকে উনিশ মাইল দূরে আছি। দেখে শুনে ঈশ্বর বলল, এটা তবে ইংরেজি ‘এক’ আর এটা ‘নয়’? বেশ, ছেলে তখন মনে মনে ঠিক করল, পথেই সে ইংরেজি অঙ্ক শিখে নেবে। আর কী আশ্চর্য শিখলও। উনিশ থেকে দশ পর্যন্ত এসে খুব নিশ্চিত মুখে সে জানিয়ে দিল, বাবা ইংরেজি অঙ্ক শেখা হল। এক থেকে দশ পর্যন্ত দেখে নিয়েছি।

- ১) বাবা - ছেলে কোথায় চলেছেন?
- ২) চলতে চলতে ছেলে কী দেখল?
- ৩) মাইলস্টোন কাকে বলে?
- ৪) কলকাতা থেকে বাবা ছেলে কতদূরে ছিলেন?
- ৫) ছেলে মনে মনে কী ঠিক করল?
- ৬) অর্থ লেখ : আশ্চর্য
- ৭) শূন্যস্থান পূরণ কর।

বাবা বুঝিয়ে দিলেন মাইল মানে _____ আর স্টোন হল _____।

- ৮) সমার্থক শব্দ লেখ (একটি) : ছেলে
- ৯) বিপরীত শব্দ লেখ : দূরে
- ১০) বাক্য রচনা কর : কলকাতা
- ১১) পদ পরিবর্তন কর : ঈশ্বর
- ১২) ‘আমরা’ শব্দটির একবচনের রূপ লেখো।

_____ x _____

Rita Das